

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটির সেপ্টেম্বর/২০২৪ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম

তারিখ : ০৯/০৯/২০২৪

সময় : বেলা ১২.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম।

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর এ উপজেলায় 'উপজেলা সামাজিক-সম্প্রীতি কমিটির সম্মানিত সদস্যগণ এ উপজেলায় সামাজিক সম্প্রীতি বজায় রাখার স্বার্থে তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন। ভূরুঞ্জামারী উপজেলায় সামাজিক সম্প্রীতি বজায় রাখা সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. প্রধান শিক্ষক, চিলাই উচ্চ বিদ্যালয়, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম সভায় সকল শ্রেণি পেশার মানুষকে পারিবারিক ও সামাজিকভাবে পরস্পরের প্রতি সম্প্রীতি বজায় রেখে বসবাস করার অনুরোধ জানান।	উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটির সভায় আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. ভূরুঞ্জামারী উপজেলার উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটির সকল সম্মানিত সদস্য। ২. সকল শিক্ষা প্রতিষ্ঠান, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম। ৩. সভাপতি/সম্পাদক, ইমাম সমিতি, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম। ৪. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম। ৫. সভাপতি/সম্পাদক, বিবাহ নিবন্ধক সমিতি, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম। ৬. সভাপতি/সম্পাদক, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম। ৭. সভাপতি/সম্পাদক, পুরোহিত সমিতি, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম।
২. চেয়ারম্যান, চরভূরুঞ্জামারী ইউনিয়ন পরিষদ জানান সভায় জানান এ উপজেলায় আমরা সকলেই সম্প্রীতি বজায় রেখে বসবাস করে আসছি। উপজেলার কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। সকল ধর্মের মানুষকে স্ব-স্ব ধর্ম পালন করে বসবাসের আহবান জানান। তিনি ধর্মকে নিজ স্বার্থে ব্যবহার না করার জন্য সকলের প্রতি অনুরোধ জানান।		
৩. চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম সভায় জানান এ উপজেলায় বসবাসকারী সকলের মধ্যে সামাজিক সম্প্রীতি অক্ষুন্ন রয়েছে। আসন্ন পবিত্র রমজানের পূর্বেই এ উপজেলার প্রত্যেক ইউনিয়নে সম্প্রীতি কমিটির সভা আয়োজন পূর্বক উপজেলার সামাজিক সম্প্রীতি অক্ষুন্ন রাখবেন মর্মে সভায় আশ্বস্ত করেন।		
৪. সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, ভূরুঞ্জামারী থানা, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম সমাজের সকল ষ্টক হোল্ডারদের সম্মিলিত প্রয়াসে সামাজিক সম্প্রীতি অক্ষুন্ন রাখার আহবান জানান। তিনি সমাজে কোন ধরনের সম্প্রীতি বিনষ্টের আভাস পাওয়া গেলে তা তাৎক্ষণিক আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।		

পরিশেষে সভায় গুজবে কান দিয়ে সম্প্রীতি নষ্ট না করার জন্য এবং ইউপি চেয়ারম্যানগণকে তাদের ইউনিয়নে প্রত্যেক ওয়ার্ডে সভা করে জনসচেতনতা সৃষ্টির আহবান জানানো হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটি
ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০৪৫.২৩- ৮৮২

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১
৩ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুজামারী, কুড়িগ্রাম।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.....ভূরুজামারী, কুড়িগ্রাম।
৫. উপজেলা অফিসার, ভূরুজামারী, কুড়িগ্রাম।
৬. অফিসার ইনচার্জ, ভূরুজামারী থানা, ভূরুজামারী, কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুজামারী, কুড়িগ্রাম।
৮. সভাপতি/সম্পাদক,ভূরুজামারী, কুড়িগ্রাম।
৯. অফিস নথি।



উপজেলা নির্বাহী অফিসার
ভূরুজামারী, কুড়িগ্রাম।